স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

বাংলা

সেমেস্টার : ২ কোর্স : ১

বাংলা সাহিত্যের ইতিহাস ( ফোর্ট উইলিয়ম থেকে ১৯৭০ পর্যন্ত)

পূর্ণমান : ৪০

সময় : ৩ ঘণ্টা

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধে প্রকাশিত সংবাদ পত্র ও সাময়িক পত্রগুলির মধ্য থেকে যে-কোনো পাঁচটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

২। ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধের বাংলা কবিতা জগতের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৩। আলালি ভাষা ও হুতোমি ভাষার পার্থক্য আলোচনা করো। উনিশ শতকের দ্বিতীয়ার্ধের বাংলা গদ্যভাষায় এই দুই ভাষারীতির গুরুত্ব আলোচনা করো। ৫+৫=১০

একক-২

৪। ১৯০১ থেকে ১৯৪১ পর্যন্ত এই কালপর্বে বিশ্বসাহিত্যের ক্ষেত্রে একটা পরিবর্তন সূচিত হয়েছিল। আন্তর্জাতিক ক্ষেত্র ও বাংলা সাহিত্যের ক্ষেত্র থেকে একটি করে সাহিত্য-নিদর্শন উপস্থাপন করে এই যুগের পরিবর্তনকে চিহ্নিত করো। ১০

৫। বিশেষ কোন কোন দিক থেকে 'সবুজ পত্র' ও 'নারায়ণ' পত্রিকা পরস্পরের বিরোধী হয়ে উঠেছিল তা নিয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

৬। 'গল্পকার হিসেবে নজরুল ইসলাম প্রাক্-কল্লোল পর্বেই আবির্ভূত হয়েছিলেন।' — এই মন্তব্যের আলোকে গল্পকার নজরুলের মূল্যায়ন করো। ১০

একক-৩

৭। ১৯৪৩ - এর মন্বন্তরের কারণ উল্লেখ করে বাংলা কবিতায় এই মন্বন্তরের প্রতিফলন কীভাবে হয়েছে দেখাও । ৩+৭=১০

৮। 'সুগভীর সমাজচেতনা এবং নাটকের মাধ্যমে প্রগতিমূলক চিন্তাধারা প্রসারের প্রচেষ্টাই তাঁহার সব নাটকে লক্ষ্য করা যায়।' — এই মন্তব্যের প্রেক্ষিতে বিজন ভট্টাচার্যের নাটকগুলি বিশ্লেষণ করো। ১০

৯। বাংলা ছোটোগল্পে তেভাগা আন্দোলনের প্রতিফলন আলোচনা করো। ১০

১০। টীকা লেখো : (যে-কোনো দুটি) ২×৫= ১০

ক। 'সাহিত্য' পত্রিকার সাহিত্যসমালোচনা

খ। উনিশ শতকের চা-বাগান কেন্দ্রিক সাহিত্য

গ। 'নবপর্যায় বঙ্গদর্শন'

ঘ। গল্পসপ্তক

ঙ। গল্পকার সতীনাথ ভাদুড়ী

চ। উদ্বাস্তুসমস্যা কেন্দ্রিক বাংলা উপন্যাস

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

বাংলা

সেমেস্টার: ২ কোর্স: ২

বাংলা কাব্য (আধুনিক যুগ)

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে দাও

একক-১

১। 'মেঘনাদবধ কাব্য' বাংলা সাহিত্যের ইতিহাসে ভাষা ও ছন্দের দিক দিয়ে কী অর্থে অভিনব রূপে আত্মপ্রকাশ করেছিল উদাহরণ সহযোগে লেখো। ১০

২। 'সে রথে আসীন বীর বাসববিজয়ী/ দিব্যমূর্তি! বাম ভাগে প্রমীলা রূপসী'— নবম সর্গের এই পঙ্‌ক্তিদুটির সূত্রে 'মেঘনাদবধ কাব্য'কে কেন গ্রিক ট্র্যাজেডির সঙ্গে তুলনা করা যায় না আলোচনা করো। ১০

৩। 'মেঘনাদবধ কাব্য' -এ রামচরিত্রটিকে মধুসূদন কীভাবে নির্মাণ করেছেন পাঠ্য অংশগুলির সূত্রে আলোচনা করো। ১০

একক ২

৪। পল্লিপ্রকৃতির প্রশস্তিমূলক কবিতার ধারায় কবি জীবনানন্দের 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটি কোথায়, কীভাবে স্বতন্ত্র, তা আলোচনা করো। ১০

৫। কবি জীবনানন্দের 'আটবছর আগের একদিন' কবিতার আত্মঘাতী মানুষটি কবিতাটির কথকের ভাষ্যে যেভাবে উপস্থাপিত হয়, তা আলোচনা করো। এই ভাষ্যের সূত্রে কথক চরিত্রটি সম্পর্কে তোমার কী ধারণা হয় লেখো। ১০

৬। মিথ প্রয়োগের অভিনবত্বে প্রেমের কবিতারূপে 'ক্রেসিডা' কতখানি সফল হয়েছে আলোচনা করো। ১০

একক- ৩

৭। 'মেজাজ' কবিতায় কবি ব্যক্তির সংগ্রামকে বৃহত্তর উপনিবেশবাদ ও বর্ণবৈষম্যবাদ বিরোধী আন্দোলনের সঙ্গে যুক্ত করেছেন। আলোচনা করো। ১০

৮। সুভাষ মুখোপাধ্যায় 'মুখুজ্যের সঙ্গে আলাপ' কবিতায় কীভাবে রাজনৈতিক থিসিস নির্মাণ করেছেন তা উদাহরণ দিয়ে আলোচনা করো। ১০

৯। "একদিন এইসব হবে বলেই..."- পাঠ্য কবিতা অবলম্বনে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

১০। টীকা লেখো (যে কোনো দুটি): ২×৫=১০

(ক) 'প্রমীলার বামেতর নয়ন নাচিল!'

(খ) 'সবুজ ঘাসের দেশ যখন সে চোখে দেখে দারুচিনি-দ্বীপের ভিতর'

(গ) 'আয়োজন কাঁপে কামনার ঘোর, / অঙ্গে আমার দেবে না অঙ্গীকার?'

(ঘ) 'ক্রেসিডা তোমার থমকানো চোখে চমকায় বরাভয়'

(ঙ) 'দড়ি পাকানো সেই গাছ /তখনও হাসছে।'

(চ) 'নিতান্তই ভ্রান্ত লোকটা'

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

বাংলা

সেমেস্টার: ২ কোর্স: ৩

বাংলা নাটক

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক- ১

১। হেমাঙ্গিনীর অলীকবাবু আসলে বাস্তব ঘটনার সূত্রে গড়ে উঠেনি, হেমাঙ্গিনীর মনের গঠনই তার মনের অলীককে তৈরি করেছে— 'অলীকবাবু' প্রহসনটির বিশ্লেষণ সূত্রে মন্তব্যটি বিচার করো। ১০

২। 'অলীকবাবু' প্রহসনে অলীক যে-সমস্ত মিথ্যে গল্প বানিয়ে তোলে, সেগুলির মধ্যে এত অসংগতি সত্ত্বেও সত্যসিন্ধু যে সেগুলি ধরতে পারেননি, তার কারণ গদাধরের সক্রিয়তা— 'অলীকবাবু' প্রহসনের সূত্রে মন্তব্যটি বিচার করো। ১০

৩। 'অলীকবাবু' প্রহসনটির হাস্যরসের মাত্রা অনেকটা দাঁড়িয়ে আছে জ্যোতিরিন্দ্রনাথের সংলাপ রচনার কুশলতায়— মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

একক– ২

৪। 'এসেছিলাম আপনাদের নাটক শেখাতে'— সংলাপটির সূত্রে 'টিনের তলোয়ার' নাটকে প্রিয়নাথের মনোভঙ্গির পরিচয় দাও। ১০

৫। 'টিনের তলোয়ার' নাটকের গানগুলি কতটা অপরিহার্য বলে তুমি মনে করো, লেখো। ১০

৬। 'টিনের তলোয়ার' নাটকে অভিনেত্রীদের জীবন-সংগ্রাম কীভাবে প্রতিফলিত হয়েছে, আলোচনা করো। ১০

একক– ৩

৭। 'আমাদের শুধু পথ আছে। আমরা হাঁটবো।'— সংলাপটির প্রেক্ষিতে 'এবং ইন্দ্রজিৎ' নাটকে লেখক-চরিত্রটির প্রবণতার পরিচয় দাও। ১০

৮। 'এবং ইন্দ্রজিৎ' নাটকের শিরোনামটি কীভাবে ইঙ্গিতবাহী হয়ে উঠেছে লেখো। ১০

৯। 'এবং ইন্দ্রজিৎ' নাটকে শিক্ষিত মধ্যবিত্ত জীবন যেভাবে প্রতিফলিত হয়েছে, তার পরিচয় দাও। ১০

১০। টীকা লেখো (যে-কোনও **দুটি**) ২x৫= ১০

(ক) 'অলীকবাবু' প্রহসনে বিধবাবিবাহ প্রসঙ্গ

(খ) 'অলীকবাবু' প্রহসনে allusion-এর ব্যবহার

(গ) বীরকৃষ্ণ দাঁ

(ঘ) বাচস্পতি

(ঙ) অ্যাবসার্ড নাটক

(চ) মানসী

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

বাংলা

সেমেস্টার : ২ কোর্স : ৪

বাংলা কথাসাহিত্য

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১. 'রাজসিংহ' উপন্যাসের প্রথম সংস্করণের সঙ্গে চতুর্থ সংস্করণের পার্থক্যগুলি আলোচনা করো। ১০

২. 'রাজসিংহ' উপন্যাসের 'গতি' সম্পর্কে লেখো। ১০

৩. ঐতিহাসিক উপন্যাসের কোন কোন বৈশিষ্ট্য 'রাজসিংহ' উপন্যাসে দেখা যায় তা আলোচনা করো। ১০

একক-২

৪. 'আরণ্যক' উপন্যাসে সত্যচরণের ভাবনায় এসেছে, 'সে দেশের লোক বড় গরীব। বাংলার চরম দরিদ্রজনও এমন জীবন কল্পনা করতে পারে না।'— এই বক্তব্যের যাথার্থ্য নিরূপণ করো। ১০

৫. সত্যচরণের চোখে নাঢ়া-বইহার-লবটুলিয়ার জঙ্গল-প্রকৃতির যে চিত্র ধরা পড়েছে তার বর্ণনা দাও। ১০

৬. ধাতুরিয়া এবং ভানুমতী চরিত্রের আলোচনা প্রসঙ্গে কথক সত্যচরণের ভাবনা ব্যক্ত করো। ১০

একক-৩

৭. 'অগ্রদানী' গল্পে পূর্ণ চক্রবর্তীর লোলুপতার প্রকৃতি এবং পরিণাম সম্পর্কে আলোচনা করো। ১০

৮. মানুষ ও সাপিনীর সম্পর্কগত জটিলতার স্বরূপ 'নারী ও নাগিনী' গল্প অবলম্বনে বিশ্লেষণ করো। ১০

৯. 'মরেছে প্যাল্‌গা ফরসা' গল্পে কথিত শিশু-কিশোরদের যাপনচিত্র এবং প্রতিবাদ আসলে সামাজিক শ্রেণিভেদের রূপকেই প্রকট করেছে।'— এই বক্তব্যের প্রেক্ষিতে তোমার ভাবনা ব্যক্ত করো। ১০

১০. টীকা লেখো (যে-কোনো দুটি) ২ × ৫ = ১০

ক. মোবারক

খ. চঞ্চলকুমারী

গ. নন্দলাল ওঝা

ঘ. মঞ্জী

ঙ. 'মরুক বুড়া পুড়্যা।'

চ. গোরা